২০১১৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

14

# আগামীকাল ইউকসু নির্বাচন

ইত্তেফাক রিপোর্ট ।। আগামীকাল (বৃহস্পতিবার) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী সংসদ 'ইউকসু' নির্বাচন অনুষ্ঠিত হইবে। ছাত্রদল, ছাত্র ইউনিয়ন,

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

# ইউকসু নির্বাচন

( প্রথম পৃঃ পর )

ছাত্রলীগ (ম-ই), ছাত্রলীগ (বা-কা), সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্র-শিবিরসহ মোট ৬টি ছাত্র সংগঠন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতেছে। ছাত্রদলের প্যানেলে ভিপি পদে নিয়ামুল হুদা খান তৌহিদ, জি,এস পদে তরিকুল হক টুটুল, ছাত্র ইউনিয়নের প্যানেলে ভিপি পদে অরূপ রতন চৌধুরী, জিএস পদে চৌধুরী সালাহউদ্দিন টিটো, ছাত্রলীগের (ম-ই) প্যানেলে ভিপি পদে শাকিল আহমেদ হিমেল, জিএস পদে মঞ্জুরুল আহমেদ, ছাত্রলীগের (বা-কা) প্যানেলে ভিপি পদে আরশাদ হোসেন মামুন, জি,এস পদে মাসুদুল হাসান, ছাত্রফ্রন্টের প্যানেলে ভিপি পদে মঞ্জুরা হক নীলা, জি,এস পদে আহমেদ উল্লাহ এবং ছাত্র শিবিরের প্যানেলে ভিপি পদে আখলাকই রসুল, জি,এস পদে সালাহ উদ্দিন প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন।

এদিকে ছাত্রদল প্রকৌশল শাখা এক বিজ্ঞপ্তিতে জানায়, নির্বাচনে ছাত্রদলের বিজয় সুনিশ্চিত জানিয়া বিগত কয়েক দিনের ক্যাম্পাসে সংগঠিত সন্ত্রাসী ঘটনার ধারাবাহিকতায় গতকাল ২৪শে নভেম্বর ইউকসু নির্বাচন উপলক্ষে ছাত্রদল মনোনীত তৌহিদ-টুটুল পরিষদের প্যানেল পরিচিতি অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান ভণ্ডুল করার লক্ষ্যে নির্লজ্জ হামলা চালানো হয়। বিজ্ঞপ্তিতে এই ধরনের সন্ত্রাসী ঘটনার তীব্র নিন্দা করিয়া সন্ত্রাসীদের প্রতিহত করার আহ্বান জানানো হয়।